


# পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা এবং কোভিড-১৯ প্রতিরোধ

ম্যানেজার ও সুপারভাইজারদের জন্য প্রশিক্ষণ



## ফ্যাসিলিটেশন গাইড

অধিকাংশ পেশাগত মৃত্যু ও আঘাত পাওয়ার ঘটনা প্রতিরোধযোগ্য এবং নিয়োগকর্তা ও কর্মচারীরা কর্মস্থলে বিপদ ও ঝুঁকি কমানোর জন্য সহজ কিছু পদক্ষেপ গ্রহণ করলে সেগুলো এড়ানো সম্ভব। একারণেই কাজ করতে গিয়ে দুর্ঘটনার শিকার হওয়া এবং অসুস্থ হয়ে পড়া প্রতিরোধ করাটা কর্মস্থলে সবার জন্য একটি গুরুত্বপূর্ণ অগ্রাধিকার হওয়া উচিত। কোভিড-১৯ মহামারীর সময় এই অগ্রাধিকারের গুরুত্ব আরো বেড়ে গেছে, যেখানে নিষ্ক্রিয়তা বা অবহেলা এই ভাইরাস আরো বেশি ছড়িয়ে পড়ার কারণ হতে পারে যা মানুষের স্বাস্থ্যের জন্য গুরুতর হুমকি হয়ে দাঁড়াবে। বাংলাদেশের তৈরি পোশাক (আরএমজি) খাতে, সংক্রমণের হার শীর্ষে থাকার সময়গুলোতে এই ভাইরাস ছড়িয়ে পড়ার গতি কমানোর জন্য কারখানাগুলো বন্ধ করে দিতে হয়েছিল। এই শিল্পখাতকে এবং ইতোমধ্যে নাজুক অবস্থায় থাকা পোশাক শ্রমিকদের বড় ধরনের আর্থিক ক্ষতির সম্মুখীন হতে হয়েছে।

তৈরি পোশাক শিল্পকে সহায়তা করার জন্য ইটিআই কারখানার ম্যানেজার ও সুপারভাইজারদের জন্য এই পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা (ওএইচএস) এবং কোভিড-১৯ প্রতিরোধ বিষয়ক প্রশিক্ষণ তৈরি করেছে যাতে তারা আরো ভালোভাবে:

- কর্মস্থলে প্রতিরোধ ও সতর্কতামূলক ব্যবস্থাসমূহের সূচনা করা, বজায় রাখা ও পর্যবেক্ষণ করার প্রয়োজন অনুভব করতে পারেন।
- কর্মস্থলের বিপদ ও ঝুঁকিসমূহ মোকাবেলার জন্য 'উত্তম অনুশীলন' ব্যবস্থাসমূহ শনাক্ত ও গ্রহণ করতে পারেন এবং শ্রমিকদের কাজের পরিবেশ উন্নত করতে পারেন।
- ওএইচএস ব্যবস্থাপনার জন্য লভ্য পদ্ধতি ও সরঞ্জামগুলো সম্পর্কে একটি সার্বিক ধারণা পেতে পারেন।
- ওএইচএস সংশ্লিষ্ট বিষয়ে ম্যানেজার ও সুপারভাইজাররা তাদের ভূমিকা ও দায়িত্বসমূহ সম্পর্কে জানতে পারেন।
- কর্মস্থলকে কোভিড-১৯ থেকে নিরাপদ রাখতে সহায়ক পদক্ষেপগুলো সম্পর্কে জানতে পারেন।

## বিষয়বস্তুর সারসংক্ষেপ

এই প্রশিক্ষণ চারটি মডিউলের মাধ্যমে প্রদান করা হয়, যার প্রত্যেকটির সুনির্দিষ্ট উদ্দেশ্য রয়েছে, যেগুলো সম্মিলিতভাবে ওএইচএস এবং কোভিড-১৯ প্রতিরোধ সম্পর্কে একটি সামগ্রিক ধারণা প্রদান করে। আদর্শ ক্ষেত্রে এই মডিউলগুলো নিম্নলিখিত ক্রমানুসারে সম্পন্ন করা হবে:

**মডিউল ১**
প্রশিক্ষণ ও হাউজকিপিং পরিচিতি; কোভিড-১৯ সম্পর্কে সংক্ষিপ্ত ধারণা ও অনুধাবন। এই মডিউলের মধ্যে একটি প্রাক-প্রশিক্ষণ ধারণা যাচাইয়ের ব্যবস্থা অন্তর্ভুক্ত রয়েছে, যা প্রশিক্ষককে অংশগ্রহণকারীদের প্রাথমিক বোধগম্যতা আরো ভালোভাবে বুঝতে সাহায্য করবে।

**মডিউল ২**
ওএইচএস-এর ঝুঁকিসমূহ অনুধাবন ও প্রশমন। এই মডিউলের মধ্যে অংশগ্রহণমূলক প্রক্রিয়া অন্তর্ভুক্ত রয়েছে, যেখানে অংশগ্রহণকারীরা একটি কারখানার পরিবেশের সাধারণ ঝুঁকির ধরনগুলো শনাক্ত করার জন্য একসঙ্গে কাজ করেন, এরপর ঝুঁকি মূল্যায়নের নীতিমালা সম্পর্কে প্রশিক্ষণ সহায়কের নেতৃত্বে একটি আলোচনা অনুষ্ঠিত হয়।

**মডিউল ৩**
দুর্ঘটনার কারণ, তদন্ত ও রিপোর্টিংসহ নীতিমালা, কর্মপদ্ধতি ও অনুশীলন এবং ভূমিকা ও দায়িত্বসমূহ সম্পর্কে সংক্ষিপ্ত ধারণা এর অন্তর্ভুক্ত রয়েছে। এই সেশনের মধ্যে দলগত আলোচনা এবং কীভাবে দুর্ঘটনা ঘটতে পারে, সেগুলো ঘটার কারণ জানার জন্য সুনির্দিষ্ট কর্মচারীদের দায়িত্বসমূহ এবং ওএইচএস নীতিমালার সাথে কীভাবে এগুলোর সঙ্গতি রক্ষা করতে হবে সে সম্পর্কে প্রশিক্ষকের নেতৃত্বে আলোচনা অন্তর্ভুক্ত রয়েছে।

**মডিউল ৪**
ওএইচএস-এ মানবিক উপাদানসমূহ- এই শেষ মডিউলে কর্মস্থলে দুর্ঘটনার ক্ষেত্রে মানুষের ব্যক্তিগত ও সামষ্টিক ভুল-ত্রুটি কীভাবে দায়ী সে সম্পর্কে আলোচনা করা হয়। এই মডিউলের মধ্যে বিবেচনা করার জন্য ওএইচএস-এর একটি গুরুত্বপূর্ণ দিক আরগোনোমিকস বা কর্মপরিবেশ বিষয়ক জ্ঞান একটি অধ্যায় অন্তর্ভুক্ত রয়েছে।

আলোচ্য প্রশিক্ষণ মডিউলের সাথে সরবরাহ করার জন্য, ইটিআই বাংলা (বাংলাদেশ) ভাষায় ওএইচএস বিষয়ক অংশগ্রহণকারীর জন্য হ্যান্ডবুক প্রণয়ন করেছে। প্রশিক্ষণ সম্পন্ন করার পর, প্রশিক্ষণ-পরবর্তী সহায়ক রেফারেন্স পয়েন্ট হিসেবে কাজে লাগানোর জন্য প্রশিক্ষণের সকল অংশগ্রহণকারীকে এই হ্যান্ডবুক প্রদান করার জন্য সুপারিশ করা হচ্ছে।

এই কোর্সে প্রদত্ত তথ্যগুলো আন্তর্জাতিক শ্রম সংস্থা (আইএলও), বিশ্ব স্বাস্থ্য সংস্থা (ডব্লিউএইচও), এবং বাংলাদেশ ও যুক্তরাজ্যের ওএইচএস প্র্যাক্টিশনারদের কাছ থেকে সংগ্রহ করা হয়েছে।

## প্রশিক্ষণ পদ্ধতি

কোভিড-১৯ প্রাদুর্ভাবের পরিপ্রেক্ষিতে ইটিআই ইউকে ও ইটিআই বাংলাদেশ ২০২০ সালে একটি ভার্চুয়াল ক্লাসরুমে পরিচালনার জন্যে এই প্রশিক্ষণ কোর্সটি তৈরি করেছে। তাই মডিউল ১ এর পরিচিতি অংশে একটি ভার্চুয়াল পরিবেশে প্রশিক্ষণ পরিচালনার নিয়মাবলী উল্লেখ করা হয়েছে।

সশরীরে উপস্থিত হয়ে প্রশিক্ষণ গ্রহণ নিরাপদ হলে এবং অনুমতি পাওয়া গেলে, মডিউল ২ ও ৩ কারখানার মধ্যে সশরীরে আয়োজন করাই উত্তম। কারণ অন-সাইট প্রদর্শনের মাধ্যমে ঝুঁকি শনাক্তকরণ ও রিপোর্টিং সম্পর্কে শেখা আরো সহজ হবে।

এই প্রশিক্ষণ প্যাকেজের সব মডিউল প্রণয়ন করা হয়েছে:

- ওএইচএস এবং মিশ্র প্রশিক্ষণ পদ্ধতির ব্যবহার সম্পর্কে গভীর জ্ঞান রয়েছে এমন প্রশিক্ষকদের দ্বারা প্রদান করার জন্য।
- আনুমানিক ১০-১৫ জন অংশগ্রহণকারীর একটি দলকে প্রদান করার জন্য।
- পুরো প্রশিক্ষণটি একদিনে পরিচালনা করলে এটা ছয় ঘন্টায় সম্পন্ন হবে। দুই দিনে ভাগ করে পরিচালনা করলে প্রতিদিন চার ঘন্টা করে সময় লাগবে। কারণ, ভার্চুয়াল ক্লাসের ক্ষেত্রে ইন্টারনেট সংযোগ সংক্রান্ত সমস্যা দেখা দেয়ার সম্ভাবনা বেশি থাকে, যা প্রশিক্ষণের প্রকৃত সময় নষ্ট করতে পারে।

আদর্শ ক্ষেত্রে অংশগ্রহণকারীদের মনোযোগ ধরে রাখার জন্য প্রশিক্ষণটি ফ্যাসিলিটেটরের নেতৃত্বে আলোচনা এবং ইন্টারঅ্যাক্টিভ সেশন যেমন দলগত কাজ, কুইজ, অনলাইন আলোচনা, ইত্যাদি, এবং হ্যান্ডআউট ও সংক্ষিপ্ত ভিডিও ব্যবহার করে প্রদান করা উচিত। প্রশিক্ষণ স্লাইডগুলোর নোট সেকশনে শিক্ষাসংক্রান্ত আরো নির্দেশনা সমৃদ্ধ নোট রয়েছে।

Ethical Trading Initiative

UKaid from the British people

MOTT MACDONALD

বাংলাদেশের তৈরি পোশাক কারখানার জন্য ইটিআই-এর কোভিড-১৯ বিষয়ক শিখন উপকরণসমূহ

এই নির্দেশিকা এবং এতে উল্লিখিত প্রশিক্ষণ মডিউলটি যুক্তরাজ্যের ফরেন, কমনওয়েলথ এন্ড ডেভেলপমেন্ট অফিস (এফসিডিও)-এর অর্থায়নে ভালনারেবল সাপ্লাই চেইনস ফ্যাসিলিটি (ভিএসসিএফ) নামক উদ্যোগের অধীনে তৈরি করা হয়েছে। কোভিড-১৯ এর ব্যাপারে দ্রুত সাড়াদানের এই উদ্যোগটি ব্যবস্থাপনা করছে মট ম্যাকডোনাল্ড লিমিটেড। এই ফ্যাসিলিটি বাংলাদেশ, ইথিওপিয়া, ঘানা, কেনিয়া, মিয়ানমার, তাঞ্জানিয়া, ও জিম্বাবুয়ের ১০০ এরও বেশি সরবরাহকারীকে সহায়তাকারী যুক্তরাজ্যের এবং আন্তর্জাতিক ২০টি খুচরা বিক্রেতা ও ব্র্যান্ড, এবং সাতটি অলাভজনক সংস্থার সাথে অংশীদারিত্ব গড়ে তুলেছে। এটি প্রত্যক্ষ ও পরোক্ষভাবে প্রায় দশ লাখ নারী ও পুরুষকে অর্থনৈতিক, সামাজিক, স্বাস্থ্যগত সুবিধা প্রদান করবে।